

কালের কর্ণ

অভিভাবকদের শিক্ষামন্ত্রী ভুল প্রশ্নের কারণে ক্ষতিগ্রস্ত হবে না শিক্ষার্থীরা

■ সমকাল প্রতিবেদক

এসএসসির পদার্থবিজ্ঞান বিষয়ের পরীক্ষায় ভুল প্রশ্নের জন্য পরীক্ষার্থীরা নম্বর পাওয়ার ক্ষেত্রে কোনোভাবেই ক্ষতিগ্রস্ত হবে না বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল শনিবার সকালে রাজধানীর মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয় কেন্দ্রে এসএসসি পরীক্ষার্থীদের অভিভাবকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ কথা জানান। অভিভাবকরা এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে শিক্ষামন্ত্রী বলেন, পদার্থবিজ্ঞানের পরীক্ষায় ভুল প্রশ্নে নম্বর কমবে না।

শর্ত ১৮ ফেব্রুয়ারির পূর্বনির্ধারিত পদার্থবিজ্ঞান (তৃতীয়) বিষয়ের পরীক্ষা হরতালের কারণে ২৭ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হয়। পরীক্ষায় তিনটি প্রশ্ন ভুল ছিল বলে অভিভাবকরা মন্ত্রীর কাছে অভিযোগ করেন।

পরীক্ষা কেন্দ্রের সামনে মতবিনিময়কালে অভিভাবকদের নানা প্রশ্নের মুখোমুখি হন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। হরতাল-অবরোধে নির্ধারিত দিনে পরীক্ষা অনুষ্ঠিত না হওয়া এবং এতে ফল খারাপ আসবে বলে মন্ত্রীর কাছে আশঙ্কা প্রকাশ করেন অসংখ্য অভিভাবক।

এক অভিভাবক অভিযোগ করেন, হরতাল-অবরোধে তাদের সন্তানের প্রস্তুতিতে চরম বিয় ঘটেছে। এবার এসএসসির খাতা যেন একটু ফ্লেক্সিবল (নমনীয়) করে দেখা হয়।

শিক্ষার্থীরা হরতাল-অবরোধে যুদ্ধাবস্থার মধ্যে পরীক্ষা দিচ্ছে জানিয়ে শিক্ষামন্ত্রী বলেন, 'আমি সবই জানি। ১৫ লাখ পরীক্ষার্থীই আমার সন্তান। সবার কথা আমার চিন্তা করতে হয়, হবে।' চলতি মাসের মধ্যে পরীক্ষা শেষ করে এবারও ৬০ দিনের মধ্যে এসএসসির ফল দেওয়া হবে বলে জানান শিক্ষামন্ত্রী। তবে তাড়াহুড়ো করে উত্তরপত্র দেখতে গিয়ে যেন পরীক্ষার্থীরা নম্বরবঞ্চিত না হয়, সে বিষয়ে মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন কেউ কেউ।

এক প্রশ্নের জবাবে মন্ত্রী অভিভাবকদের আশ্বস্ত করেন, আগামী ১ এপ্রিল নির্ধারিত দিনেই এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হবে।

পরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে মন্ত্রী বলেন, 'প্রি-প্রাইমারি থেকে বিশ্ববিদ্যালয় পর্যায়ের উচ্চশিক্ষা স্তরে পাঁচ কোটি ৫২ লাখ শিক্ষার্থী রয়েছে। হরতাল-অবরোধে তাদের ক্লাস-পরীক্ষার ক্ষতি হচ্ছে। শিক্ষামন্ত্রী আশা প্রকাশ করেন, অবরোধ-হরতাল আহ্বানকারীদের বিবেক জাগ্রত হবে।

মতবিনিময়ে শিক্ষা মন্ত্রণালয় ও ঢাকা শিক্ষা বোর্ডের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।